যায়যায়দিন

তারিখ ............
পৃষ্ঠা ... 3 AUG 2009 ......

# কারিগরি শিক্ষার অভাবে শিল্পায়ন বাধাগ্রস্ত হচ্ছে

–দিলীপ বড়ুয়া

যাযাদি রিপোর্ট

শিল্পমন্ত্রী দিলীপ বড়ুয়া বলেছেন, দেশে কারিগরি জ্ঞান ও দক্ষতার অভাবে শিল্পের বিকাশ বাধাগ্রস্ত হচ্ছে। এ কারণে দেশে শিল্প উদ্যোক্তারা অঙ্কুরেই ঝরে পড়ছে। রোববার তেজগাঁওস্থ-বাংলাদেশ কারিগরি সহায়তা কেন্দ্রের-(বিটাক) আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, বাংলাদেশের একটি বিরাট জনগোষ্ঠী বিদেশে শ্রমিক হিসেবে কাজ করছে। এদের প্রায় সবারই কারিগরি জ্ঞানের অভাব রয়েছে। তাদের অধিকাংশ কোনো ট্রেডে প্রশিক্ষণ না নিয়ে বিদেশে পাড়ি দিয়েছেন। অথচ বিশ্বের শ্রমবাজারে কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ ও প্রশিক্ষিত জনবলের ব্যাপক চাহিদা রয়েছে।

শিল্পমন্ত্রী বলেন, আধুনিক তথ্য প্রযুক্তি ও জ্ঞান বিজ্ঞানকে কাজে লাগিয়ে পৃথিবীর অনেক দেশ শিল্পক্ষেত্রে অনেকদূর এগিয়ে গেছে। তাদের অর্থনৈতিক উন্নয়নের মূল ভূমিকা পালন করেছে। স্বল্পোন্নত দেশ হিসেবে বাংলাদেশ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে অনেক পিছিয়ে আছে। এ কারণে আমরা শিল্পখাতে কাঙ্ক্ষিত উন্নয়ন অর্জন করতে পারিনি। বিটাকের মহাপরিচালক আশিষ কুমার পালের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য আছাদুজ্জামান খান (কামাল), শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এবিএম খুরশেদ আলম, বিটাক কর্মচারী ইউনিয়নের সভাপতি আনোয়ারুল হক প্রমুখ।